

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪২

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫৫. নাক পরিস্কার করা

# باب فِي الإسْتِنْثَارِ

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدِ فِي آخَرِينَ \_ قَالُوا حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْم، عَنْ إِسْمَاعِيلَ بْنِ كَثِيرِ، عَنْ عَاصِم بْن لَقِيطِ بْن صَبْرَةَ، عَنْ أَبِيهِ، لَقِيطِ بْن صَبْرَةَ قَالَ: كُنْتُ وَافِدَ بَنِي الْمُنْتَفِقِ \_ أَوْ فِي وَفْدِ بَنِي الْمُنْتَفِقِ \_ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، قَالَ فَلَمَّا قَدمْنَا عَلَى رَسُول اللهِ صلى الله عليه وسلم فَلَمْ نُصنادفْهُ فِي مَنْزلِهِ وَصنادَفْنَا عَائِشَةَ أُمَّ الْمُؤْمِنِينَ، قَالَ: فَأَمَرَتْ لَنَا بِخَزِيرَةٍ، فَصُنِعَتْ لَنَا، قَالَ وَأُتِينَا بِقِنَاعٍ \_ وَلَمْ يَقُلْ قُتَيْبَةُ الْقِنَاعَ وَالْقِنَاعُ: الطَّبَقُ فِيهِ تَمْرُ \_ ثُمَّ جَاءَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ " هَلْ أَصَبْتُمْ شَيْئًا؟ أَوْ أُمِرَ لَكُمْ بِشَيْءٍ"؟ قَالَ قُلْنَا: نَعَمْ يَا رَسُولَ اللهِ . قَالَ فَبَيْنَا نَحْنُ مَعَ رَسُول اللهِ صلى الله عليه وسلم جُلُوسٌ: إِذْ دَفَعَ الرَّاعِي غَنَمَهُ إِلَى الْمُرَاحِ وَمَعَهُ سَخْلَةٌ تَيْعَرُ فَقَالَ "مَا وَلَّدْتَ يَا فُلَانُ"؟ قَالَ: بَهْمَةً. قَالَ: فَاذْبَحْ لَنَا مَكَانَهَا شَاةً . ثُمَّ قَالَ: لَا تَحْسِبَنَّ \_ وَلَمْ يَقُلْ لَا تَحْسَبَنَّ \_ أَنَّا مِنْ أَجْلِكَ ذَبَحْنَاهَا لَنَا غَنَمٌ مِائَةٌ لَا نُريدُ أَنْ تَزيدَ، فَإِذَا وَلَّدَ الرَّاعِي بَهْمَةً ذَبَحْنَا مَكَانَهَا شَاةً. قَالَ قُلْتُ: يَا رَسُولَ اللهِ إِنَّ لِي امْرَأَةً، وَإِنَّ فِي لِسَانِهَا شَيْئًا، يَعْنِي الْبَذَاءَ قَالَ "فَطَلِّقْهَا إِذًا". قَالَ قُلْتُ: يَا رَسُولَ اللهِ إِنَّ لَهَا صُحْبَةً وَلِي مِنْهَا وَلَدٌ. قَالَ "فَمُرْهَا \_ يَقُولُ عِظْهَا فَإِنْ يَكُ فِيهَا خَيْرٌ فَسَتَفْعَلُ، وَلَا تَضْربْ ظَعِينَتَكَ كَضَرْبِكَ أُمَيَّتَكً". فَقُلْتُ يَا رَسُولَ اللهِ أَخْبِرْنِي عَن الْوُضُوءِ. قَالَ: "أَسْبِغ الْوُضُوءَ وَخَلِّلْ بَيْنَ الأَصابِعِ وَبَالِغْ فِي الإسْتِنْشَاقِ إِلَّا أَنْ تَكُونَ صَائِمًا".

\_ صحیح



১৪২। লাকীত্ব ইবনু সাবরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগত বনু মুনতাফিক্ব গোত্রের প্রতিনিধি দলটির নেতা ছিলাম আমি অথবা বলেছেন, আমি তাঁদের মধ্যেই ছিলাম। আমরা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পৌঁছলাম তখন তাঁকে তাঁর ঘরে উপস্থিত পেলাম না, অবশ্য উম্মুল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ)-কে পেলাম। তিনি আমাদের জন্য 'খাযিরাহ' (এক প্রকার খাদ্য) তৈরীর আদেশ দিলেন। অতঃপর আমাদের জন্য তা তৈরী করা হলো এবং আমাদের সম্মুখে ক্বিনা' (অর্থাৎ খেজুর ভর্তি একটি পাত্র) পেশ করা হলো।

বর্ণনাকারী কুতাইবাহ "খেজুর ভতি পাত্র" কথাটি উল্লেখ করেননি- অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এসে বললেনঃ তোমরা কিছু খেয়েছো কি? অথবা তিনি বললেন, তোমাদের আপ্যায়নের ব্যবস্থা করতে বলা হয়েছে কি? আমরা বললাম, হ্যাঁ, হে আল্লাহর রসূল! লাকীত্ব বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বসা ছিলাম। এমন সময় এক রাখাল তাঁর মেষপাল খোঁয়াড়ে নিয়ে এলেন। আর সাথে একটি ছাগলের বাচ্চা ছিল, সেটি চিৎকার করছিল।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেনঃ হে উমুক! কি বাচ্চা জন্ম হয়েছে? সে বলল, মাদী। তিনি বলেন, সেটির পরিবর্তে আমাদের জন্য একটি বকরী যাবাহ্ করি। অতঃপর (প্রতিনিধি দলের নেতাকে উদ্দেশ্য করে) বললেনঃ এমনটি মনে করো না যে, বকরীটি তোমার জন্যই যাবাহ্ করছি। বরং আমাদের কাছে একশ'টি বকরী আছে। তাই আমরা এর সংখ্যা আর বাড়াতে চাই না। সেজন্যই কোন বাচ্চা জন্ম হলে আমরা সেটির পরিবর্তে একটি বকরী যাবাহ্ করে, তিনি বলেন, আমি বললামঃ হে আল্লাহর রসূল! আমার একজন স্ত্রী আছে। সে অল্লীলভাষী। তিনি বললেনঃ তাহলে তাকে ত্বালাক দাও।

তিনি বলেন, আমার সাহচর্যে সে দীর্ঘ দিন অতিবাহিত করেছে এবং তার গর্ভজাত আমার একটি সন্তানও রয়েছে। তিনি বললেনঃ তবে তাকে উপদেশ দাও। তার মাঝে কল্যাণ থাকলে সে উপদেশ গ্রহণ করবে। জেনে রাখ, নিজের জীবন সঙ্গিনীকে ক্রীতদাসীদের মত প্রহার করবে না। অতঃপর আমি বললাম, হে আল্লাহর রসূল! আমাকে অযু সম্পর্কে অবহিত করুন। তিনি বলেনঃ পরিপূর্ণরূপে অযু করবে, অঙ্গুলিসমূহ খিলাল করবে এবং নাকে উত্তমরূপে পানি পৌঁছাবে, তবে সিয়াম রত অবস্থায় নয়।[1]

সহীহ।

# **English**

## Narrated Laqit ibn Sabirah:

I was the leader of the delegation of Banu al-Muntafiq or (the narrator doubted) I was among the delegation of Banu al-Muntafiq that came to the Messenger of Allah (\*\*). When we reached the Prophet, we did not find him in his house. We found there Aisha, the Mother of the Believers. She ordered



that a dish called Khazirah should be prepared for us. It was then prepared. A tray containing dates was then presented to us. (The narrator Qutaybah did not mention the word gina', tray).

Then the Messenger of Allah (ﷺ) came. He asked: Has anything been served to you or ordered for you? We replied: Yes, Messenger of Allah. While we were sitting in the company of the Messenger of Allah (ﷺ) we suddenly saw that a shepherd was driving a herd of sheep to their fold. He had with him a newly-born lamb that was crying.

He (the Prophet) asked him: What did it bear, O so and so? He replied: A ewe. He then said: Slaughter for us in its place a sheep. Do not think that we are slaughtering it for you. We have one hundred sheep and we do not want their number to increase. Whenever a ewe is born, we slaughter a sheep in its place.

(The narrator says that the Prophet (ﷺ) used the word la tahsabanna, do not think).

I (the narrator Laqit) then said: Messenger of Allah, I have a wife who has something (wrong) in her tongue, i.e. she is insolent. He said: Then divorce her. I said: Messenger of Allah, she had company with me and I have children from her. He said: Then ask her (to obey you). If there is something good in her, she will do so (obey); and do not beat your wife as you beat your slave-girl.

I said: Messenger of Allah, tell me about ablution. He said: Perform ablution in full and make the fingers go through the beard and snuff with water well except when you are fasting.

# ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ সওম, অনুঃ সাওম পালনকারীর জন্য উযুর সময় নাকের ভিতর পানি পোঁছানো অপছন্দনীয়, হাঃ ৭৮৮, ইমাম তিরমিয়া বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাকের ভিতরে পানি দেয়া, হাঃ ৮৭, এবং অনুঃ আঙ্গুলসমূহ খিলাল করার নির্দেশ, হাঃ ১১৪) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাকের ভিতর পানি দেয়া ও তা উত্তমরূপে ধোয়া, হাঃ ৪০৭) আহমাদ (৪/৩২, ৩৩, ২১১) সকলেই ইসমান্টল ইবনু কাসীর থেকে 'আসিম ইবনু লাকীত্ব ইবনু সাবরাহ থেকে তার পিতার সূত্রে।



### হাদীস থেকে শিক্ষাঃ

১। উযুতে দু' হাত ও দু' পায়ের অঙ্গুলিগুলো খিলাল করা ওয়াজিব।

২। রোযাদারের জন্য উযুতে নাকের (খুব) ভেতরে পানি পৌঁছানো অপছন্দনীয়। কেননা এতে পানি কণ্ঠনালীর ভেতরে ঢুকে রোযা ভঙ্গ হওয়ার ভয় আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ লাকিত্ব ইবনু সাবরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন